



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন  
শিল্প মন্ত্রণালয়  
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০  
www.npo.gov.bd



৮ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ  
তারিখ: ২৩ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৬.১০.০০০০.০০৮.১২.০০১.২৩.৩৮

বিষয়: এনপিও কর্তৃক APO National Award 2024 বিষয়ক কার্যক্রম গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন জাতীয় পর্যায়ের একটি বিশেষায়িত সরকারি দপ্তর। উৎপাদনশীলতা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে ১৯৮৯ সালে হতে ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এনপিও) শিল্প মন্ত্রণালয় কাজ করে আসছে যার তিখন হল উৎপাদনশীলতায় সর্বোচ্চ উৎকর্ষ সাধন। এনপিও বাংলাদেশে এশিয়ান প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এপিও) এর উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক ফোকাল পয়েন্ট এর দায়িত্ব পালন করে। এশিয়ান প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এপিও) টেকিও ডিভিক একটি সম্পূর্ণ অরাজনৈতিক, অলাভজনক এবং অবৈষম্যমূলক সংস্থা যা উৎপাদনশীলতা উন্নয়নে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করে থাকে। বাংলাদেশসহ বর্তমানে ২১টি দেশ সংস্থাটির সদস্য হিসেবে অন্তর্ভুক্ত রয়েছে। এপিও'র কর্মসূচি বাস্তবায়নের অংশ হিসেবে এনপিও বিভিন্ন আন্তর্জাতিক প্রশিক্ষণ, সেমিনার, কর্মশালা, স্টাডি মিশন, ই-লার্নিং কোর্স, টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস (টিইএস) ইত্যাদি কর্মকাণ্ড বাংলাদেশে পরিচালনা ও বাস্তবায়ন করে থাকে।

০২। এনপিও, শিল্প মন্ত্রণালয় ১৯৮২ সাল থেকে এশিয়ান প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এপিও) এর সদস্য দেশ। এপিও তার অন্তর্ভুক্ত দেশ সমূহের জন্য প্রতিবছর "APO Multi-country Activities" এর আওতায় বিভিন্ন ধরনের কার্যক্রম গ্রহণ করে আসছে। তদমধ্যে APO National Award 2024 বিষয়ক কার্যক্রম অন্যতম। APO National Award 2024 এর লক্ষ্য হল, এপিও'র অন্তর্ভুক্ত দেশ সমূহের মধ্যে পাবলিক এবং প্রাইভেট সেক্টরের প্রফিট এবং নন-প্রফিট প্রতিষ্ঠানগুলো যারা উৎপাদনশীলতা চর্চায় অবদান রেখে আসছে তাদেরকে প্রোডাক্টিভিটি বিজয়ী হিসেবে স্বীকৃতি প্রদান করা এবং প্রতিষ্ঠান পর্যায়ে উৎপাদনশীলতা বিষয়ক নানামুখী কার্যক্রম বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা।

০৩। উৎপাদনশীলতা চর্চায় অবদানের স্বীকৃতি স্বরূপ "APO Multi-country Activities" এর আওতায় National Award for Productivity Technical Experts বিষয়ক কার্যক্রমের ব্যাপক প্রচার ও প্রসারের জন্য ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (এফবিসিসিআই) এর আওতায় APO National Award for Productivity Advocates এবং প্রতিষ্ঠানের আগ্রহী উচ্চ পর্যায়ের কর্মকর্তাদের অংশগ্রহণের জন্য অবহিত করা প্রয়োজন। বর্ণিত APO National Award বিষয়ক Project Notification এবং আবেদনের নমুনা ফরম এনপিও এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

এমতাবস্থায়, এনপিও কর্তৃক APO National Award 2024 বিষয়ক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে আপনার আওতাধীন সকল প্রতিষ্ঠানের উচ্চ পর্যায়ের কর্মকর্তাদের অংশগ্রহণের জন্য অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল।

২৩-০৯-২০২৪

মুহম্মদ মেসবাহুল আলম

মহাপরিচালক

০২২২৩৩৮২৮৮৩

dg@npo.gov.bd

সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা।